



-ঃ নিয়োগ বিজ্ঞপ্তি :-

ঢাকা বিশ্ববিদ্যালয় :- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজির শূন্য পদগুলির নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে :-

১।	ল্যাবঃ সহকারি :- টাঃ- ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	৪(চার)টি	প্রার্থীকে এস.এস.সি ও এইচ.এস.সিতে বিজ্ঞানসহ নূন্যতম স্নাতক পাশ হইতে হইবে এবং শিক্ষা জীবনে কোন তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য হইবে না। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল যোগ্য। প্রার্থীকে সু-স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে।
২।	টেকনিশিয়ান :- টাঃ- ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	৩(তিন)টি	প্রার্থীকে নূন্যতম স্নাতক পাশ হইতে হইবে এবং শিক্ষা জীবনে কোন তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য হইবে না। প্রার্থীকে লেদার, ফুটওয়ার ও লেদার প্রোডাক্টস শিল্প কারখানায় সংশ্লিষ্ট কাজের ৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসহ সু-স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। প্রার্থীকে অবশ্যই বাংলা ও ইংরেজি টাইপসহ কম্পিউটার অপারেটিং এ দক্ষ হইতে হইবে।
৩।	স্টোর কিপার :- টাঃ- ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১(এক)টি	প্রার্থীকে বিজ্ঞান বিষয়ে স্নাতক পাশ হইতে হইবে এবং শিক্ষা জীবনে কোন তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য হইবে না। প্রার্থীকে বাংলা ও ইংরেজি টাইপসহ কম্পিউটার পরিচালনায় পারদর্শী হইতে হইবে। টেন্ডার, স্টোরসহ স্টক ব্যবস্থাপনা ও পাবলিক প্রকিউরমেন্ট বিষয়ে জ্ঞানসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

আবেদনকারীকে অবশ্যই আবেদনপত্রে তাহার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রী উল্লেখ করিতে হইবে। এইরূপ কোন তথ্য গোপন করিলে বা উল্লেখ না করিলে ভবিষ্যতে তাহার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হইবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হইবে। ইহাছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হইবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাশের সার্টিফিকেট ও প্রশংসা পত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রারের বরাবর লিখিত দরখাস্ত আগামী ৩০-১০-২০১৭ খ্রিষ্টাব্দ / ১৫-০৭-১৪২৪ বঙ্গাব্দ তারিখের মধ্যে ইনস্টিটিউট অব লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি-এর পরিচালক মহোদয়ের অফিসে পৌছাইতে হইবে।

চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হইবে।